# উপজেলা পরিষদ

## চাটখিল, নোয়াখালী

### নোয়াখালী জেলার চাটখিল উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জাহাঙ্গীর কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাটখিল |
| তারিখ ও সময় | ঃ | ১৩/০৭/২০২৩ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে কোন সংশোধনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td><u>১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ</u> উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, কমিউনিটি ক্লিনিক এ সমস্যা নিয়ে কয়েক জন ইউপি চেয়ারম্যান অভিযোগ জানান। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখি</td></tr>
<tr><td><u>২। উপজেলা কৃষি বিভাগ ঃ</u> উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা, চাটখি</td></tr>
<tr><td><u>৩। উপজেলা প্রাণীসম্পদ বিভাগ ঃ</u> উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, চাটখিল</td></tr>
<tr><td><u>৪। উপজেলা প্রকৌশল বিভাগ ঃ ১। উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল/রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল ঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এই খাতের আওতায় উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল এর আওতায় চলমান অর্থবছরে অনুমোদিত তালিকাসহ ২০২১-২২ইং এবং ২০২২-২৩ইং অর্থবৎসরের আওতায় অনুমোদিত প্রকল্প তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান আছে।<br>২। তিনি আরো বলেন যে, এই খাতের আওতায় ১৬-০১-২০২৩ইং তারিখের পরবর্তিতে এই পর্যন্ত মাসিক সভায় অনুমোদিত প্রকল্প তালিকা ও ২০২২-২৩ইং সহ ও এই পর্যন্ত প্রাপ্ত প্রকল্প প্রস্তাব সমূহের বাস্তব অগ্রগতি পর্যালোচনা/যাচাই-বাছাই করত: অসমাপ্ত স্কীমের ২০২৩-২৪ইং অর্থবৎসরের জন্য আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে অর্থ সংকুলান স্বাপেক্ষে একটি চূড়ান্ত তালিকা যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হবে।</td><td>১। সভায় অতিক্রান্ত অনুমোদিত তালিকা মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করে টেন্ডার প্রক্রিয়ায় যাওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক উপজেলা প্রকৌশলীকে প্রকল্প বাছাই ও চূড়ান্তকরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td><td>উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>নতুন সড়ক আইডি অন্তর্ভুক্তকরণ ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, কাঁচা সড়ক পাকাকরণের জন্য এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এই জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ হইতে সড়ক ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাবনা প্রেরণ করা জরুরী যাহাতে গ্রামীণ সড়ক, ইউনিয়ন সড়ক ও উপজেলা সড়কসমূহের মধ্যে সড়ক, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থার নেটওয়ার্ক প্রতিষ্ঠা করা সম্ভব হয়।<br>অন্যান্যঃ (I) LGED এর নিয়ন্ত্রণাধীন প্রকল্প হতে নিয়োগকৃত ইউনিয়ন ভিত্তিক দুস্থ মহিলা কর্মীদের তদারকির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। তদারকি ও জবাবদিহিতা সৃষ্টি হলে কর্মীদের কাজের মান বৃদ্ধি পাবে।<br>(II) যে সকল ইউনিয়নে রাস্তার আইডি নেই সে সব রাস্তার তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক উপজেলা প্রকৌশলী দপ্তরে প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয় (III) তিনি সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের নিম্নবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগ প্রয়োজন:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা পরিষদ সংলগ্ন প্রাঙ্গন মাটি ভরাট দ্বারা উন্নয়ন</td><td>৯,৯০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় উন্নয়ন ও আধুনিকীকরণ</td><td>৬,৭৩,৭১০/-</td></tr>
<tr><td>৩</td><td>গ্যারেজ নির্মাণ ও রাস্তা সংস্কার</td><td>৪,৫৯,১১৩/-</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা পরিষদ ভবন মেরামত ও আধুনিকীকরণ:<br>(I) ভবন সংস্কার<br>(II) ভবন প্রাঙ্গন উন্নয়ন ও আধুনিকীকরণ<br>(III) ভবনের নিচতলায় গ্রীল রেইলিং স্থাপন<br>(IV) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে প্রাঙ্গন উন্নয়ন</td><td><br>৮,৮৬,৫৯৪/-<br>১৩,৮৯,১৪৮/-<br>৫,৫১,৩০৮/-<br>৫,৫০,১২৭/-</td></tr>
</table></td><td>সভায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও অন্যান্য ব্যক্তিবর্গকে দ্রুত নতুন সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত করার আবেদন/প্রস্তাবনা প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয় এবং উক্ত ইনভেন্টরীতে নতুন সংযোজিত ও সংশোধিত সড়ক (যদি থাকে) ডিপিপিভুক্ত করা তথা সরকারি গেজেটে অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পাশাপাশি এলজিইডি'র রোড ইনভেন্টরীতে বীর মুক্তিযোদ্ধাদের নামে নামকরনকৃত সড়ক অন্তর্ভুক্তকরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><u>অন্যান্যঃ</u> (I) LGED এর নিয়ন্ত্রণাধীন প্রকল্পের দুস্থ মহিলা কর্মীদের তদারকি ও জবাবদিহীতা সৃষ্টির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণের নিকট তাদের হাজিরা খাতা হস্তান্তর ও তাদের হাজিরা শিট প্রতি মাসের ৩০ তারিখ উপজেলা প্রকৌশলী দপ্তরে প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় (II) যে সকল ইউনিয়নে রাস্তার আইডি নেই সে সব রাস্তার তালিকা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক উপজেলা প্রকৌশলী দপ্তরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় (III) উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত বরাদ্দ চেয়ে প্রস্তাব প্রেরণ/ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়</td><td></td></tr>
</table>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (IV) বাজারের সমস্যা গুলো ইউপি চেয়ারম্যানগণ লিখিতভাবে উপজেলা প্রকৌশলীর নিকট দাখিলের অনুরোধ জানান। | (IV) বাজারের সমস্যা গুলো ইউপি চেয়ারম্যানগণ লিখিতভাবে উপজেলা প্রকৌশলীর নিকট দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৫। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য অফিসার, চাটখিল সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ উদ্‌যাপিত হবে আগামী ২৪ জুলাই/২০২৩ হতে ৩০ জুলাই/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত। এ বছর জাতীয় মৎস্য সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'নিরাপদ মাছে ভরব দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ'। নিরাপদ মাছ উৎপাদন বৃদ্ধিতে দেশের মানুষকে আরও সচেতন ও সম্পৃক্ত করার লক্ষ্য নিয়ে এবারের মৎস্য সপ্তাহ উদযাপন করা হচ্ছে। তিনি দিবসটি উদ্‌যাপন লক্ষ্যে সকলের সহযোগীতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটখিল |
| ৬। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাটখিল-কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চাটখিল |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, যে সকল ভাতাভোগী বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতা পায় সে সকল ভাতা ভোগীদের লাইভ ভেরিফিকেশন জন্য মন্ত্রণালয় হতে নির্দেশনা রয়েছে। ভাতাভোগীদের অনেকে মৃত, নিরুদ্দেশ, সুবর্ণ নাগরিক পরিচয়পত্র বিহীন এবং অন্যান্য কারণে অযোগ্য ভাতাভোগী সনাক্তকরণের লক্ষ্যে লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চালু করা হবে। তিনি উক্ত কার্যক্রম পরিচালনায় সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। | ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে সকল ইউপি চেয়ারম্যানকে পত্র প্রেরণ ও সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগীতাকরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চাটখিল ও ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট সকল, চাটখিল |
| ৮। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল |
| ৯। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ছাত্র/ছাত্রীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। আগামী ৩১ জুলাই/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে উক্ত কার্যক্রম সম্পূর্ণ করা হবে। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ কার্যক্রম চলমান রয়েছে। এই প্রতিযোগিতা সারা দেশ থেকে প্রতিভাধর ছাত্র-ছাত্রী খুঁজে বের করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি উদ্যোগ। এই প্রতিযোগিতাটির প্রথম যাত্রা শুরু হয় ২০১৩ সালে সৃজনশীল মেধা অন্বেষণ নামে, পরবর্তীতে এর নাম পরিবর্তন করে ২০২০ সাল থেকে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ নামকরণ করা হয়। ৩টি শ্রেণী ও ৫টি বিষয়ে (১টি বিষয় কেবল বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য বিশেষায়িত) প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শ্রেণীসমূহ হচ্ছে: ক গ্রুপ : ৬ষ্ঠ - ৮ম শ্রেণি, খ গ্রুপ : ৯ম-১০ম শ্রেণি, গ গ্রুপ : ১১-১২শ শ্রেণি। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটখিল |
| ১১। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১২। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, চাটখিল |
| ১৩। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চাটখিল |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার তাঁকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চাটখিল |
| ১৫। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, (I) OMS কার্যক্রম TCB এর মাধ্যমে পরিচালিত হবে (II) বোরো ধান ৬৭৩ মেঃ টন এর মধ্য হতে ৪২৫ মেঃ টন সংগ্রহ করা হয়েছে। প্রতি মণের মূল্য নির্ধারণ করা হয়েছে ১২০০/- (এক হাজার দুইশত) টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চাটখিল ও সংশ্লিষ্ট সকল |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১৬। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে; তার দপ্তরের কর্মচারীদের বেতন ভাতা পরিশোধের লক্ষ্যে বিসিক ভবণের নিলামের ১,৪০,৬৩৬/- (এক লক্ষ চল্লিশ হাজার ছয়শত ছয়ত্রিশ) টাকা তার দপ্তরকে প্রদান করায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে কৃতজ্ঞতা জানান। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চাটখিল |
| ১৭। বন বিভাগ ঃ উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, মহোদয় সভায় জানান যে, এখন বর্ষা মৌসুম। গাছ লাগানোর এখন উপর্যুক্ত সময়। বর্ষা মৌসুমে গাছ লাগানোর জন্য সকলকে উৎসাহ প্রদান করতে হবে। মানুষের মৌলিক চাহিদা পুরণের পাশাপাশি প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা, জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব রোধ ও প্রকৃতির ভারসাম্য রক্ষাসহ নৈসর্গিক শোভাবর্ধনে বৃক্ষের গুরুত্ব অপরিসীম। পরিবেশের দূষণ রোধ ও বৈশিক উষ্ণতা কমাতে গাছ সবচেয়ে বেশি ভূমিকা রেখে থাকে। | বর্ষা মৌসুমে গাছ লাগানোর জন্য জনগণকে উৎসাহ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণসহ সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল), ও সংশ্লিষ্ট সকল, চাটখিল |
| ১৮। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চাটখিল সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ে ১৮টি প্রতিষ্ঠানে ৩৯০টি ট্যাব বিতরণ কার্যক্রম সম্পূর্ণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, চাটখিল |
| ১৯। উপজেলা নির্বাচন অফিস ঃ উপজেলা নির্বাচন অফিসার, চাটখিল সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, চাটখিল |
| ২০। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, কিছু কিছু প্রতিষ্ঠানে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। তিনি বকেয়া বিল পরিশোধের জন্য সকলকে অনুরোধ জানান (II) বিদ্যুৎ একটি সরকারি সম্পদ। জনসচেনতাই পারে একমাত্র বিদ্যুৎ ঘাটতি রোধ করতে। সর্বসাধারণের মধ্যে বিদ্যুৎ অপচয় বন্ধ ও সাশ্রয়ী মনোভাব সৃষ্টি করতে হবে। এ ব্যাপারে প্রত্যেককে স্ব-স্ব অবস্থান থেকে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য দিনের বেলায় Natural Light ব্যবহার এবং অপ্রয়োজনীয় বাতি, ফ্যান ও এসি বন্ধ রাখার জন্য সম্মানিত জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করা হলো।<br>বর্ণিত কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | বকেয়া বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং জনসাধারণকে বিদ্যুৎ অপচয় রোধ ও সাশ্রয়ী হওয়ার জন্য মাইকিংকরণ ও তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, চাটখিল জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, চাটখিল, ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট সকল |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল অনুরোধ করা হয়। | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, চাটখিল |
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চাটখিল সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, চাটখিল |
| ২৩। উপজেলা আইসিটি অফিস ঃ উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, উপজেলা আইসিটি কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা আইসিটি অফিসার, চাটখিল |
| ২৪। উপজেলা শিক্ষা প্রকৌশলী অফিস ঃ উপজেলা শিক্ষা প্রকৌশলী, চাটখিল সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা প্রকৌশলী, চাটখিল অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা প্রকৌশলী, চাটখিল |
| ২৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, চাটখিল মাসিক সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৫০,০০০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য, চাটখিল উপজেলায় ০৩টি প্রকল্প নির্বাচন করা হয়েছে। (I) জলাবদ্ধতা নিরসনের জন্য কড়িহাট বাজারে ড্রেন নির্মাণ (II) শিক্ষার মান উন্নয়নে শিক্ষা প্রতিষ্টানে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন (III) বিভিন্ন বাজারে ওয়াসব্লক স্থাপন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পিএসসি সভাপতি ও অন্যান্য সদস্যদের উপস্থিতিতে নির্বাচিত ০৩ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদনের লক্ষ্যে পিএমইউতে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, UDF, UGDP প্রকল্প ও সংশ্লিষ্ট সকল |
| ২৬। জনপ্রতিনিধিগণ ঃ মাননীয় সংসদ সদস্য, নোয়াখালী-১: জনাব এইচ এম ইব্রাহীম, সংসদ সদস্য, নোয়াখালী-১ সভায় জানান যে, (I) প্রতিটি বাজার স্যানিটিশনের আওতায় আনা প্রয়োজন। স্যানেটিশনের ব্যবস্থা না থাকায় ক্রেতাগণ বাজার করতে এসে বিভ্রান্তিকর অবস্থায় পড়তে হয় (II) সকল শিক্ষা প্রতিষ্ঠান নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন(III) সোমপাড়া বাজার অনেক পুরানো বাজার। ড্রেনের কাজের একাংশ সম্পূর্ণ করা হয়েছে। বাজারের আরেকটি অংশে ড্রেনের কাজ বাকি রয়েছে। বাকি অংশ অতিসত্বর সম্পূর্ণ করা প্রয়োজন। | (I) স্বাস্থ্য ঝুঁকি রোধে প্রতিটি বাজার স্যানিটিশনের আওতায় আনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় (II) সকল শিক্ষা প্রতিষ্ঠান নিরাপত্তার জন্য সীমানা প্রাচীর নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (III) সোমপাড়া বাজারের বাকি অংশ কাজ দ্রুত সম্পূর্ণকরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়(IV) জনগণের জান মালের বিঘ্ন করীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী, ডেপুটি জেনারেল ম্যানেজার, |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- |
| (IV) জনগণের জান মালের নিরাপত্তা দেওয়া সরকারের। কেউ যদি সন্ত্রাসি কার্যক্রম পরিচালিত করে জনগণের জান মালের বিঘ্ন ঘটায় তার/তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (V) যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভবণ নির্মাণ প্রক্রিয়াধীন সে সকল বিদ্যালয়ের তালিকা প্রেরণ করা প্রয়োজন (VI) নয়নপুর বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ রিপোর্ট পাঠানো হচ্ছে না। জনগণকে বিদ্যুৎ এর যোগান সম্পর্কে অবহিতকরণের জন্য উক্ত রিপোর্ট প্রয়োজন। এছাড়া ও তিনি সভায় বিভিন্ন দপ্তরের দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। | (v) যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভবণ নির্মাণ প্রক্রিয়াধীন সে সকল বিদ্যালয়ের তালিকা সংসদ সদস্য, নোয়াখালী-১ মহোদয়ের নিকট প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (VI) নয়নপুর বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ রিপোর্ট পাঠানো পরবর্তী কার্যকরী ব বস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট সকল |
| <u>২নং রামনারায়ণপুর ইউপি/৮নং নোয়াখলা ইউপি ঃ</u> ২নং রামনারায়ণপুর ও ৮নং নোয়াখলা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, জনগণের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়াই হলো সরকারের মূল উদ্দেশ্য। সে লক্ষ্যে নির্দিষ্ট এলাকার জনগনের প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার নাম কমিউনিটি ক্লিনিকের কাজ। ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক গুলো একদিকে অপরিষ্কার-অপরিচ্ছন্ন অন্যদিকে চিকিৎসা সেবা নেই বললে চলে। প্রতিটি কমিউনিটি ক্লিনিকের জন্য ডাক্তার থাকলেও তারা ক্লিনিকে বসেন না। এছাড়াও কমিউনিটি ক্লিনিকের কর্মচারীরা ও চিকিৎসা সেবা প্রদানে আন্তরিক নয়। তারা সময়মত অফিসে উপস্থিত থাকেন না। ডাক্তার না থাকায় রোগীরা অপেক্ষা করে ফিরে যেতে বাধ্য হন। এতে করে এখন রোগীদের মধ্যে কমিউনিটি ক্লিনিকের সেবার প্রতি অনিহা সৃষ্টি হয়েছে। এখন রোগীরা ক্লিনিকে আসতে চায় না। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।<br><u>৩নং পরকোট ইউপিঃ</u> ৩নং পরকোট ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, নগদের একটি অসাধু চক্র ভাতাভোগীদের ভাতার টাকা হাতিয়ে নিচ্ছে। এতে করে সরকারের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | জনগণের দোরগোড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়াই হলো সরকারের মূল উদ্দেশ্য। সে লক্ষ্য বাস্তবায়নে একদিকে তদারকি ও জবাবদিহীতা সৃষ্টি করলে চিকিৎসা সেবার মান বৃদ্ধি পাবে অন্যদিকে জনগণের মধ্যে কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্য সেবা গ্রহণে উৎসাহ প্রদান করতে হবে। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।<br>নগদের বিষয়ে ইউনিয়ন পরিষদের মাসিক সভার অনুমোদনসহ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট সকল |
| <u>২৭। উপজেলা রাজস্ব তহবিল ঃ</u> (ক) উপজেলা পরিষদের মাসিক সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার বিল ভাউচার দাখিল করেন।<br>(খ) ইসমাইল হোসেন, অফিস সহায়ক, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/- (পনেরো হাজার চারশত) টাকা এবং শীতলচন্দ্র দাস, ঝাঁড়ুদার, উপজেলা পরিষদ কার্যালয়, চাটখিল, নোয়াখালী এর দৈনিক মজুরী বাবদ =১৫,৪০০/-(পনেরো হাজার চারশত) টাকার বিল অনুমোদন এবং পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। | (ক+খ): বর্ণিত বিল/ভাউচার সমূহ অনুমোদন/ পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয় এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহাঙ্গীর কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চাটখিল, নোয়াখালী

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫১০.০০০.০৬.০০১.২৩-

তারিখ ঃ ১৩/০৭/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৬৮ নোয়াখালী-০১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। মেয়র, চাটখিল পৌরসভা, নোয়াখালী।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।
০৮। উপজেলা ........................................................ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
০৯। চেয়ারম্যান, ........................................................ ইউনিয়ন পরিষদ (সকল), চাটখিল, নোয়াখালী।

১৩/০৭/২৩
(মুহাম্মদ ইমরানুল হক ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।